

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ০৪

তারিখ : ১৫ মাঘ ১৪২৫
২৮ জানুয়ারি ২০১৯

বিষয় : ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪টি দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অত্র বিভাগের এপিএ টিম কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। এ বিষয়ে গত ২৩/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত অত্র বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এবং ২৭/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় বিস্তারিতভাবে আলোচনা হয়েছে।

০২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ফলাবর্তক সম্পর্কে নিম্নে দপ্তর/সংস্থাওয়ারি উল্লেখ করা হলো :

(১)	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	পরিদর্শন কার্যক্রম (১.২.৩) সংক্রান্ত সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বাকী সবগুলো সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
(২)	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম (২.১.১), উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম (২.১.৩), কারাগারে সচেতনতামূলক কার্যক্রম (২.১.৪) ও মাদক বিরোধী সভা/সেমিনার (২.২.১) সংক্রান্ত সূচকের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
(৩)	কারা অধিদপ্তর	বন্দি ধারণক্ষমতা (৩.১.১), নিরাপত্তামূলক সাজ-সরঞ্জাম সংগ্রহ (৩.২.১), সীমানা প্রাচীর নির্মাণ (৩.২.২) সংক্রান্ত সূচক ০৩টির কার্যক্রম চলমান আছে। অর্থবছর শেষে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। কারিগরি প্রশিক্ষণ (৩.৩.১), মোটিভেশনাল প্রোগ্রাম (৩.৩.২) এবং মৃত্যুহার হ্রাসকরণ সংক্রান্ত সূচকসমূহের অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
(৪)	বাহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	এমআরপি (৪.১.১), এমআরভি (৪.১.২), মিশনের এমআরপি কার্যক্রম (৪.২.১), মিশনের এমআরভি কার্যক্রম (৪.২.২), ই-পাসপোর্টের কার্যক্রমের শতকরা হার (৪.৩.১), তদন্তের জন্য আবেদন প্রেরণ (৪.৪.১) এবং প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ সংক্রান্ত ডিপিপি প্রণয়ন (৪.৫.১) এর অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

০৩। এছাড়া, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, ত্রিপক্ষীয় সভা আহ্বান, বাজেট প্রতিবেদন দাখিলকরণ, এডিপি বাস্তবায়ন, ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন, অকেজো যানবাহন নিষ্পত্তিকরণ, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধকরণ, শূন্য পদ পূরণ, ই-ফাইলিংয়ে ডাক আপলোড করা, ই-ফাইলে নথি নিষ্পত্তি করা, ই-ফাইলে পত্র জারি করা, ০১টি নতুন ই-সার্ভিস চালু করা, বিনষ্টযোগ্য নথির তালিকা করা, বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করা ইত্যাদি সূচকের কার্যক্রম চলমান আছে। ই-সার্ভিস চালু করার কথা ১৫/০১/২০১৯ (অসাধারণ) অথবা ১৭/০২/২০১৯ (অতি উত্তম) তারিখের মধ্যে। ০৩/০২/২০১৯ তারিখের স্বাবর/অস্বাবর সম্পত্তির তালিকা হালনাগাদ করতে হবে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত ফলাবর্তকের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)

অতিরিক্ত সচিব

ফোন : ৯৫৭৬৩৪৩

E-mail : fire1@ssd.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। মহাপরিচালক, বাহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশী বাজার, ঢাকা।

অনুলিপি :

- ০১। জনাব আর.এইচ.এম.আলাওল কবির, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।